দৈনিক সংবাদ

তারিখ ... FEB 1 6 1999
পৃষ্ঠা ১৮ কলাম ৫

# ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রী লাঞ্ছিত

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ঃ সোমবার ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অনার্স শেষ বর্ষের এক ছাত্রী বহিরাগত জাহিদ (২২) নামে এক যুবকের হাতে শারীরিকভাবে লাঞ্ছিত হয়েছে। পুলিশ জানায়, বিশ্ববিদ্যালয় নিকটবর্তী আবদালপুর গ্রামের গোলাম কিবরিয়ার পুত্র জাহিদ।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ছাত্রীটি বেলা সাড়ে এগারটায় সমাজ বিজ্ঞান ভবনের তৃতীয় তলা থেকে নিচে নামছিল। এ সময় ডাক শুনে পিছন ফিরে তাকানোমাত্র ঐ ছেলেটি হাত চেপে ধরে জোর করে তাকে অন্যত্র নিয়ে যাওয়ার চেষ্টা করে। উপস্থিত আশপাশের ছাত্ররা বহিরাগত ঐ যুবকের কাছ থেকে ছাত্রীটিকে উদ্ধার করে। জাহিদকে প্রক্টর অফিসে আটক রাখা হয়।

প্রক্টর ছাত্রীর কাছ থেকে লিখিত অভিযোগ পাওয়ার পর প্রক্টরিয়াল বডির এক জরুরি বৈঠক হয়। ছেলেটিকে অনেক জিজ্ঞাসাবাদের পর প্রক্টরিয়াল বডি পুলিশের কাছে সোপর্দ করে। বর্তমানে তাকে কুষ্টিয়া সদর থানায় আটক রাখা হয়েছে।

ছাত্রীরা ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ, ছাত্রীদের নিরাপত্তার ব্যবস্থাসহ ক্যাম্পাসে এরকম যেকোন ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছে।